‘বেগম রোকেয়ার প্রদর্শিত পথেই নারী জাগরণ সৃষ্টি করেছিলেন খালেদা জিয়া’

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বেগম রোকেয়ার প্রদর্শিত পথ ধরেই বেগম খালেদা জিয়া নারী শিক্ষা, ক্ষমতায়ন এবং কর্মসংস্থানে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে নারী জাগরণ সৃষ্টি করেছিলেন।

রোকেয়া দিবসে বিএনপির ভারপ্রাপ্ত দপ্তর সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স স্বাক্ষরিত এক বিবৃতিতে এসব কথা বলেন মির্জা ফখরুল।

বিবৃতিতে ফখরুল বলেন, বেগম রোকেয়া নারী সমাজে শিক্ষার আলো পৌঁছে দিতে যে ভূমিকা পালন করেছেন তা বৈপ্লবিক। তিনি দূরদর্শী দৃষ্টিভঙ্গিতে উপলব্ধি করেছিলেন যে, নারীর ভাগ্যোন্নয়নে শিক্ষা ও স্বাবলম্বিতা গুরুত্বপূর্ণ। সংসার, সমাজ ও অর্থনীতি জীবনের এই তিনটি ক্ষেত্রে নারীকে স্বায়ত্ত্বশাসিত ও আত্মমর্যাদাশীল হতে তিনি গভীরভাবে উদ্বুদ্ধ করেছিলেন। আর এ জন্য তিনি বিশ্বাস করতেন নারীকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হতে হবে।

তিনি আরো বলেন, নারী সমাজকে স্বাবলম্বী করতে রোকেয়া সামাজিক আন্দোলন গড়ে তুলেছিলেন, শত বাধা-বিপত্তি সত্ত্বেও। জিয়াউর রহমান বীর উত্তম নারীদেরকে চার দেয়ালের ভেতর থেকে বের করে এনে জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করেছিলেন।

বিএনপি মহাসচিব বলেন, বেগম রোকেয়ার পথই আজকের নারী সমাজকে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগাবে। আজকে এই দিনে আমি মহিয়সী নারী বেগম রোকেয়ার আদর্শে উজ্জীবিত হয়ে নারী সমাজকে দেশ ও জাতির কল্যাণে আত্মনিবেদিত হওয়ার জন্য আহ্বান জানাই।

কুষ্টিয়ায় বিএনপি কার্যালয়ে ভাঙচুর করেছে দুর্বৃত্তরা

কুষ্টিয়া জেলা বিএনপির কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের এনএস রোডে পাবলিক লাইব্রেরির সামনে অবস্থিত ওই কার্যালয়ে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল শুক্রবার দিবাগত রাতে শহরের পাঁচ রাস্তার মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনার ১৫ ঘণ্টার মধ্যে বিএনপি কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটল। তবে দুটি ঘটনায় পুলিশ এখনও কাউকে আটক করতে পারেনি।

জেলা বিএনপির সভাপতি সৈয়দ মেহেদী আহম্মেদ জানান, দুপুরে কার্যালয়ে বৈঠক করেন তাঁরা। বেলা তিনটার দিকে নেতা–কর্মীরা কার্যালয় ছেড়ে বাড়ি চলে যান। কার্যালয় খোলা রেখে সেখানে একজন পিয়ন ছিলেন। বিকেল পৌনে পাঁচটার দিকে জানতে পারেন কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙ্চুর করা হয়েছে।

সৈয়দ মেহেদী আহম্মেদ বলেন, একদল সন্ত্রাসী হামলা চালিয়ে তাঁদের কার্যালয় ভাঙচুর করেছে। কার্যালয়ে থাকা চেয়ার–টেবিল ভাঙচুর করেছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান তিনি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের বিষয়ে জানতে চাইলে সৈয়দ মেহেদী আহম্মেদ মন্তব্য করেন, ‘যারাই করুক, এটা তো উচিত হয়নি।’

নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন বিএনপি’র

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২১ বাংলাদেশ জাতীয়বাদী আইনজীবী ফোরামের নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন জানিয়েছে মেহেরপুর

জেলা বিএনপি।

শনিবার সকাল ১১ টার সময় কোর্ট মোড় এলাকায় আইনজীবী ভবনের ৩য় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ২০২০ সালে নির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড. আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড.ফরিদ উদ্দিন, জেলা বিএনপির সংগ্রামী সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা সভাপতি আমিরুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা বক্তব্য দেন।

মেহেরপুর বার কাউন্সিলে আ.লীগ প্যানেলের ভরাডুবি:: মিয়াজান সভাপতি, ফরিদ উদ্দীন সাধারণ সম্পাদক

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২১ সম্পন্ন হয়েছে। নির্বাচনে ১৫টি পদের মধ্যে সাধারণ সম্পাদকসহ বিএনপি প্যানেল থেকে ১৩ জন, সভাপতি পদে স্বতন্ত্র প্রার্থী এবং আওয়ামী লীগ প্যানেল থেকে মাত্র ১ জন জয়ী হয়েছেন।
নির্বাচনে সভাপতি পদে স্বতন্ত্র প্রার্থী অ্যাড. মিয়াজান আলী সভাপতি ও বিএনপি সমর্থিত অ্যাড. ফরিদ উদ্দীন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।
শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনের প্রধান কমিশনার অ্যাড. বিমল কুমার বিশ্বাস এ ফলাফল ঘোষনা করেন। এছাড়া সহসভাপতি পদে গোলাম মোস্তফা(আ.লীগ), রফিকুল

ইসলাম(বিএনপি), যুগ্ম সাধারণ সম্পাদক পদে রফিকুল ইসলাম-২(বিএনপি), মিজানুর রহমান(বিএনপি), কোষাধাক্ষ্য পদে এহান উদ্দিন মনা(বিএনপি), পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে এ এস এম এম হাসানুল্লা(বিএনপি), নির্বাহী সদস্য পদে হাসান মাহাবুবুর রহমান(বিএনপি), মখলেছুর রহমান খান স্বপন(বিএনপি), আরিফুজ্জামান (বিএনপি),সাইফুল ইসলাম সাহেব(বিএনপি), শফিউল আযম খান(বিএনপি), সেলিম রেজা গাজী(বিএনপি), খুরশিদা খাতুন(বিএনপি) জয়লাভ করেছেন।

প্রসঙ্গত, শুক্রবার দিনব্যাপী মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে আওয়মীলীগ প্যানেলের প্রার্থী ছিলেন ১১ জন, বিএনপি প্যানেলের প্রার্থী ছিলেন ১৫ জন এবং সতন্ত্র হিসেবে সভাপতি প্রার্থী ছিলেন ১জন। মোট ১২৬ টি ভোটারের মধ্যে ভোট পোল হয় ১০৭ টি। প্রধান নির্বাচন কমিশিনারের দায়িত্বে ছিলেন অ্যাড. বিমল কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ছিলেন অ্যাড. সুজন কুমার মন্ডল ও অ্যাড. শফিউদ্দিন।

শুক্রবার সকাল ৯.৩০ মিনিট থেকে ১২ টা এবং দুপুর ২ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত মেহেরপুর জেলা আইনজীবী ভবনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৫ সদস্যের কমিটিতে আওয়ামীলীগ থেকে ১ জন বিএনপি থেকে ১৩ জন ও সতন্ত্র প্রার্থী ১ জন নির্বাচিত হয়েছেন

কালীগঞ্জে ছাত্রদলের মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কালীগঞ্জ উপজেলা, পৌর ও কলেজ শাখার নবগঠিত আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ঝিনাইদহ ৪ আসনের বিএনপি’র মনোনীত প্রার্থী জনাব মোঃ সাইফুল ইসলাম ফিরোজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবর রহমান।

সভায় বক্তারা করোনা পরিস্থিতিতে ছাত্রদের পড়াশোনার দূরাবস্থা, বেকার সমস্যা সহ অনান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

চুয়াডাঙ্গায় তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় রজব আলী সুপার মার্কেটে জেলা বিএনপির কার্জলয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৬ টার সময় তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর এবং মেয়র পদপ্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বােচেন বিএনপির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ও বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশমাতা বেগম খালেদা জিয়ার পুত্র এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৬ তম জন্মদিনে আমাদের কে শপথ নিতে হবে সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে সকল দেশ প্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে এই বিনা ভোটের সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত।

আরও উপস্থিত ছিলেন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, নাজমুল হক নাজমুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাধারণ সম্পাদক হাসান মাস্টার, রুবেল হাসান, তুহিন ইসলাম তুহিন, মিঠু, পলাশ, জেলা ছাত্রদলের নেতা এম এম মোস্তফা, শাহাবুদ্দিন, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, আকাশ, জিতু হাসান, আমের হোসেন, আবিদ, রাসিব, আরিফুল, আরমান।

মেহেরপুরে তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে করোনা প্রভাবে ক্ষতিগ্রস্থ প্রান্তিক ও গরীব চাষীদের মধ্যে বিনামুল্যে শস্যবীজ ও কীটনাশক বিতরণ কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার সকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এ কর্মসূচীর উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যদের বক্তব্য দেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আব্দুর রশিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক

সম্পাদক শাহাবদ্দিন মোল্লা, জেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক আরমান আলী, জেলা মুক্তিযোদ্ধা দলের সাংগঠনিক সম্পাদক আঃ গণি, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা যুবদলের যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, মুজিবনগর উপজেলা শ্রমিকদলের সভাপতি হাজী মশিউর রহমান, জাসাস এর জেলা সভাপতি মাহফুজুর রহমান অশেষ ও সাধারন সম্পাদক বাকাবিল্লাহ,জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আব্দুল আল-মামুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আকিরুল ইসলাম, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশিদুল ইসলাম রাজন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকনসহ জেলা বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে বেগম খালেদা জিয়ার শারিরীক সুস্থতা কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের মতবিনিময় সভা

ঝিনাইদহ জেলা বিএনপির সাথে কেন্দ্রীয় সেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শহরের এইচএসএস সড়কে দলটির কর্যালয়ে জেলা বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক জাহিদুজ্জামনা মনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ, কেন্দ্রীয়

স্বেচ্ছাসেক দলের সহ-সভাপতি আলহাজ্ব জামির হোসেন,

খুলনা বিভাগীয় সহ-সভাপতি তৈয়বুর রহমান, কেন্দ্রীয় কমিটির যুগ্মসম্পাদক ডি জেড এম হাসান বিন শফিক, সহ-সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন নিটোল, আকরাম হোসেন, খুলনা বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক গালিব ইমতিয়াজ নাহিদ, কেন্দ্রীয় কমিটির সহ-সাধারণ সম্পাদক এ্যাড. শহীদুল ইসলাম, কোষাধ্যক্ষ কামরুজ্জামান জাপান, সহ-সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম পলাশ, জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান, এ্যাড, মুন্সী কামাল আজাদ পান্নু।

বক্তারা, দলকে সুসংগঠিত করে আগামী দিনে আন্দোলন সংগ্রাম সফল করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

চুয়াডাঙ্গা তারেক জিয়ার জন্মদিন পালনে পুলিশি বাধা

চুয়াডাঙ্গায় তারেক জিয়ার জন্মদিন উপলক্ষে এক আনন্দ মিছিলের আয়োজন করে চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

গতকাল বিকাল ৪ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে সমবেত হয়ে মিছিল নিয়ে প্রধান সড়কে উঠলে পুলিশের বাধায় তা পন্ড হয়।

পরে সাহিত্য পরিষদ চত্বেও জেলা যুবদলের যুগ্মসম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব এর সভাপতিত্বে এক বিক্ষব সমাবেশে অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান।

আরো বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের সহ-সভাপতি তরিকুল ইসলাম সোহেল, সহ-সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, নাজমুল হক, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হামিদুল ইসলাম হামিদ, হাবিবুর রহমান জোয়ার্দার মানিক, আবু হেনা,

পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু মালিক, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব মো: সাইফুদ্দিন আলম কনক, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান, রোকনুজ্জামান রোকন, শামিম হাসান, সুমন, হাসান মালিক, আজিজুল আজিজ, শিপলু, আব্দুল সামাদ, ফজলু, মামুন, ফারুক প্রমুখ।

ঝিনাইদহে বিএনপির প্রতিবাদ সমাবেশ

ঢাকা-১৮ ও সিরাজগঞ্জ-১ সংসদীয় আসনে উপনির্বাচনের ফলাফল বাতিল ও নাশকতার মামলায় বিএনপি নেতাকর্মীদের ধরপাকড়ের প্রতিবাদে ঝিনাইদহে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
রোববার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির জেলা কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করে জেলা বিএনপি।

জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক আক্তারুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন,

মৎস্যজীবীদল কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সম্পাদক এ কে এম ওয়াজেদ আলী, সদর থানা বিএনপির আহ্বায়ক কামাল আজাদ পান্নু, সদস্য সচিব আলমগীর হোসেন, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, সদস্য সচিব মাহবুবুর রহমান শেখর, যুবদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, ছাত্রদল নেতা মুশফিকুর রহমান মানিক প্রমুখ।

বক্তারা, ২ টি উপ-নির্বাচন পাতানো ও জালিয়াতি উল্লেখ করে পুনরায় নির্বাচনের দাবি জানান। সেই সাথে বিএনপির নেতাকর্মীদের নামে মামলা দায়ের ও গ্রেফতারের প্রতিবাদ জানান।